শেষ যামানায় আমার উম্মতের মধ্যে একজন খলীফা হবেন যিনি সম্পদকে দুই হাত দ্বারা ছিটাতে থাকবে হিসাব করবে না।

আবূ নাধরাহ হতে বর্ণিত তিনি বলেন, একদা আমরা জাবের ইবন আব্দুল্লাহ রাদিয়াল্লাহু ‘আনহুর নিকট ছিলাম। তখন তিনি বললেন, অচীরেই ইরাকীদের নিকট কাফীয ও দিরহাম একত্র করা হবে না। আমরা বললাম, তা কোথা বাধা প্রাপ্ত হবে? তিনি বললেন, অনারবদের পক্ষ হতে তারা তা বারণ করবে। তারপর তিনি বলেন, অচীরেই সিরিয়াবাসীর কাছে কোন দীনার ও মুদ একত্র করা হবে না। আমরা বললাম, তা কোথা থেকে? বললেন, রুমের পক্ষ হতে। তারপর তিনি কিছু সময় চুপ রইলেন। তারপর তিনি বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,
“শেষ যামানায় আমার উম্মতের মধ্যে একজন খলীফা হবেন যিনি সম্পদকে দুই হাত দ্বারা
ছিটাতে থাকবে হিসাব করবে না”। তিনি বলেন, আমি আবূ নাধরাহ ও আবূল ‘আলাকে বললাম, তোমরা
কি বিশ্বাস কর যে, তিনি উমার ইবনে আব্দুল আযীয? তারা বললেন, না। [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সংবাদ দেন যে, অচীরেই মুসলিমগণ ইরাক জয় করবেন। আর মুসলিমরা তাদের ওপর এমন কিছু জিনিস কর হিসেবে নির্ধারণ করবে যা তারা মুসলিমদেরকে মেপে ও ওজন করে পরিশোধ করবে, কিন্তু শেষ যামানায় তা পরিশোধ করা হবে না। কারণ অনারব কাফিরগণ এ শহরসমূহের ওপর বিজয় লাভ করবে, তখন তারা এসব সম্পদ মুসলিমদের নিকট পৌঁছতে বাঁধা দিবে। তিনি আরও সংবাদ দেন যে, মুসলিমগণ অচীরেই সিরিয়া জয় করবে, আর মুসলিমরা তাদের ওপর এমন কিছু জিনিস কর হিসেবে নির্ধারণ করবে যা তারা মুসলিমদেরকে মেপে ও ওজন করে পরিশোধ করবে, কিন্তু শেষ যামানায় তা পরিশোধ করা হবে না। কারণ রোম এ শহরসমূহের ওপর বিজয় লাভ করবে, তখন তারা এসব সম্পদ মুসলিমদের নিকট পৌঁছতে বাঁধা দিবে। আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরও সংবাদ দেন যে, এ উম্মতের শেষাংশে এমন একজন খলীফা হবেন যিনি সম্পদ এবং বিজয় তার হাতে অধিক হওয়ার কারণে সম্পদকে দুই হাত দ্বারা ছিটাতে থাকবেন গণনা করবেন না। তিনি সম্পদকে মানুষের জন্য নিজ হাতে ডালবেন যেমনিভাবে মাটিকে দুই হাত দ্বারা নিক্ষেপ করা হয়। বর্ণনাকারী সংবাদ দেন যে, তিনি তাবেঈদের থেকে কতক আহলে ইলমকে জিজ্ঞাসা করেন, সে খলীফা কি উমার ইবন আব্দুল আযীয? তারা বলল, না।

http://www.sunnah.global/hadeeth/bn/show/11218